মুজিব বর্ষের অঙ্গীকার,
প্রযুক্তি এগিয়ে যাওয়ার
হাতিয়ার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,জেলা কার্যালয়,
নোয়াখালী

নোয়াখালী জেলা আইসিটি কমিটির ডিসেম্বর-২০২১ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ খোরশেদ আলম খান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৭/১২/২০২১ খ্রি. |
| সভার সময় | ৩.০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসক, নোয়াখালী এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই করোনা ভাইরাস (কোভিড-১৯) দুর্যোগকালীন সময়ে সরকারের স্বাস্থ্যবিধি ও বিভিন্ন শর্তাবলী মেনে সুষ্ঠুভাবে অফিস পরিচালনা বিষয়ে গুরুত্ব আরোপ করেন। অতঃপর তিনি মাসিক সভার নির্ধারিত আলাচনা শুরু করার নির্দেশ দেন। নির্দেশনা মোতাবেক প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) বিগত ডিসেম্বর/ ২০২১ খ্রি. মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ | বিষয় | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জেলা ও উপজেলা আইসিটি কমিটির নিয়মতি সভা আহ্বান | করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ পরিস্থিতিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভৌত অথবা অনলাইনে জেলা ও উপজেলা আইসিটি কমিটির নিয়মিত মাসিক সভা আহ্বানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত আইসিটি বিষয়ক কমিটির সভা নিয়মিত আহ্বান সংক্রান্ত সভার নোটিশ ও কার্যবিবরণী আবিশ্যিকভাবে একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি ও কমিটির অন্যান্য সকল মাননীয় সদস্যের নিকট প্রেরণসহ আহ্বানকৃত সভার নোটিশ ও কার্যবিবরণীর ০১ (এক) কপি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর প্রধান কার্যালয়ে (ই-নথি ও ইমেইল-ictcommitteereport@gmail.com) প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী সভায় জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী এর আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিয়মিতভাবে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হচ্ছে। | ১) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী। (২) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় (সকল), নোয়াখালী |
| ০২ | ই-নালিশ প্লাটফর্মে সকল সরকারি দপ্তরকে যুক্তকরন সংক্রান্ত | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভায় জানান, মান্যবর জেলা প্রশাসক, নোয়াখালী মহোদয়ের নেতৃত্বে ডেভেলপকৃত **“ই-নালিশ”** প্লাটফর্ম এবার ডিজিটাল বাংলাদেশ পুরস্কার-২০২১ অর্জন করেছে। তিনি ই-নালিশ বিষয়ক প্লাটফর্মের সহিত যুক্ত সকলকে জেলা আইসিটি কমিটির পক্ষ থেকে ধন্যবাদ ও অভিনন্দন জানান। তিনি আরো জানান মান্যবর জেলা প্রশাসক ই-নালিশ প্লাটফর্মে সকল সরকারি দপ্তরকে যুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করেছেন।<br>সিদ্ধান্তঃ<br>(ক) ই-নালিশ প্লাটফর্মে সকল সরকারি দপ্তরকে যুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ই-নালিশ সফটওয়্যারে প্রয়োজনীয় কারিগরি উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১)অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালী (২) সহকারি কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।<br>(৩) প্রোগ্রামার (অঃদা), আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয়, নোয়াখালী। |

| | | | |
|---|---|---|---|
| | ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম সংক্রান্ত। | সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালী জানান তথ্য বাতায়ন হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। ইতিমধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী কর্তৃক সকল অফিসের একজন করে প্রতিনিধিকে ওয়েবপোর্টাল হালনাগাদের প্রাথমিক ধাপ "মুক্তপাঠ" এর প্রশিক্ষণ প্রদান করেছেন। জেলা প্রশাসন, নোয়াখালী কর্তৃক জানুয়ারী/২২ খ্রি মাসে ওয়েবপোর্টাল হালনাগাদ বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হবে। যারা ইতিমধ্যে মুক্তপাঠে প্রশিক্ষণ গ্রহণ করেছেন কিন্তু সনদ জমা দেননি তাদেরকে দ্রত সনদ জমা দেয়ার জন্য তিনি অনুরোধ করেন। তিনি আরো বলেন, ওয়েবপোর্টাল হালনাগাদকালে কোন কারিগরি সহযোগিতা প্রয়োজন হলে প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী বা উপজেলা পর্যায়ে সহকারি প্রোগ্রামার এর সহিত যোগাযোগ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। অধ্যক্ষ, ভুলুয়া ডিগ্রি কলেজ ও সদস্য, জেলা আইসিটি কমিটি, নোয়াখালী বলেন, জেলায় কারিগরি বিষয়ক প্রশিক্ষণে তাঁর প্রতিষ্ঠানের প্রতিনিধি রাখার জন্য অনুরোধ করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>(ক)যারা এখনো মুক্তপাঠ এর প্রশিক্ষণ সম্পন্নের সনদ জমা দেননি তাদেরকে দ্রুত জমা দেয়ার জন্য অনুরোধ করা হয় এবং ইতিমধ্যে মুক্তপাঠ প্রশিক্ষণধারীগণ কর্তৃক তাদেঁর স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তথ্য হালনাগাদের নিমিত্তে যে কোন কারিগরি সহযোগিতার জন্য প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারগণের সাথে যোগাযোগ করা যেতে পারে।<br>(খ) এটুআই এর ব্যবস্থাপনায় ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ দ্রুত আয়োজন করতে হবে।<br>(গ) অধ্যক্ষ, ভুলুয়া ডিগ্রি কলেজের অনুরোধের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। | (১) জেলা দপ্তরসমূহের প্রধানগণ, নোয়াখালী।<br>(২)অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), নোয়াখালী<br>(৩) উপজেলা নির্বাহী অফিসার (হাতিয়া/বেগমগঞ্জ), নোয়াখালী।<br>(৪) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত),নোয়াখালী।<br>(৫) সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, আইসিটি অধিদপ্তর, নোয়াখালী। |
| ০৩ | লার্নিং ও আর্নিং প্রকল্পের প্রশিক্ষণার্থীদের মাঝে ল্যাপটপ বিতরণ কার্যক্রম সংক্রান্ত | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়িত লার্নিং এন্ড আর্নিং প্রশিক্ষণ শীর্ষক সমাপ্ত প্রকল্পের সেরা আয়ধারী অবশিষ্ট প্রশিক্ষণার্থীদের মাঝে ল্যাপটপ বিতরন কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্ত যাচাই-বাছাই কার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রকল্প দপ্তর হতে নির্দেশনা প্রেরণ করা হয়েছে। এ লক্ষ্যে প্রকল্প দপ্তর হতে যোগ্য প্রশিক্ষনার্থীদের তালিকা প্রেরণ করা হবে মর্মে নির্দেশনায় উল্লেখ করা হয়েছে।<br>সিদ্ধান্তঃ লার্নিং এন্ড আর্নিং প্রশিক্ষণ শীর্ষক সমাপ্ত প্রকল্প হতে যোগ্য প্রশিক্ষনার্থীদের নামের তালিকা প্রেরণ করার প্রেক্ষিতে যথাযথভাবে বাছাই প্রক্রিয়া সম্পন্নপূর্বক ল্যাপটপ প্রদান করতে হবে। | (১)অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালী<br>(২) প্রোগ্রামার (অঃদা), আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয়, নোয়াখালী। |
| ০৪ | অনলাইনে সরকারি সেবার প্রত্যয়ন সরবরাহ সংক্রান্ত | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী সদর বলেন, বর্তমানে সকল সরকারি সেবা অনলাইনে প্রদান করা হচ্ছে। কোভিড-১৯ মহামারির প্রেক্ষাপটে যে সকল সরকারি সেবার প্রত্যয়ন প্রদান করা হয় তা ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তাদের মাধ্যমে প্রদান করার সুপারিশ করেন।<br><br>সিদ্ধান্তঃ জনসাধারণের সেবা প্রাপ্তি সহজতর করার নিমিত্তে সকল প্রকার প্রত্যয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণের নিকট হতে সরবরাহের প্রস্তাব যাছাই-বাছাই করার যেতে পারে। | (১)অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), নোয়াখালী<br>(২) সহকারি কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।<br>(৩) প্রোগ্রামার (অঃদা), আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয়, নোয়াখালী। |
| | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উদ্যোক্তা সংক্রান্ত | প্রোগ্রামার (অঃ দাঃ) ও সদস্য সচিব সভায় জানান, ইতিমধ্যে অত্র জেলায় ইউনিয়ন সমূহে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সাম্প্রতিককালে দেখা যায়, বিভিন্ন কর্মকান্ডে চেয়ারম্যান ও উদ্যোক্তাদের মধ্যে মনোমালিন্যের সৃষ্টি হচ্ছে। তৎপ্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উদ্যোক্তাদের মধ্যে সুসম্পর্ক স্থাপনে করণীয় শীর্ষক মতবিনিময় সভা আয়োজনের জন্য অনুরোধ করেন।<br><br>সিদ্ধান্তঃ অত্রজেলাধীন সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ইউডিসি উদ্যোক্তাদের মাঝে সুসম্পর্ক সৃষ্টির লক্ষ্যে একটি সমন্বয় সভা / মতবিনিময় সভার আয়োজন করা যেতে পারে। | (১) উপ-পরিচালক, স্থানীয় সরকার , নোয়াখালী<br>(২) সহকারি কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।<br>(৩) প্রোগ্রামার (অঃদা), আইসিটি অধিদপ্তর জেলা কার্যালয়, নোয়াখালী। |

০৫

ইনফো-সরকার (ফেইজ-২) প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত।

**ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় ডিসেম্বর, ২০২১ খ্রি. পর্যন্ত ইউনিয়ন পপ হতে ইন্টারনেট সংযোগ প্রদান সংক্রান্ত তথ্য**

| ক্র. নং | উপজেলা | ইউনিয়ন | সংযোগকৃত সরকারি অফিস | সংযোগকৃত শিক্ষা প্রতিষ্ঠান | স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠান | বেসরকারি অফিস | অন্যান্য | মোট সংযোগকৃত গ্রাহক সংখ্যা | ISP অপারেটর-দের নাম |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কবিরহাট | উপজেলা পপ | ১২ | ০ | ০ | ০ | ৫ | ১৭ | হাতিয়া আইটি পার্ক |
| | | সুন্দলপুর | ০ | ৬ | ২ | ১২ | ২৯৫ | ৩১৫ | হাতিয়া আইটি পার্ক |
| ২ | সুবর্ণচর | চর ক্লার্ক | ০ | ০ | ১ | ০ | ০ | ১ | প্রিমিয়াম কানেক্টিভিটি |
| | | চরজুবলী | ০ | ০ | ০ | ০ | ৩৭ | ৩৭ | বিবিটিএস |
| ৩ | সোনাইমুড়ী | নদনা | ০ | ০ | ০ | ০ | ২৭ | ২৭ | আইসিসি কমিউনিকেশন |
| | | জয়াগ | ০ | ০ | ০ | ০ | ২২ | ২২ | বিডি কম |
| | | আমিশা পাড়া | ০ | ০ | ২ | ০ | ৬৭ | ৬৯ | টেলনেট কমিউনিকেশন |
| | | | ০ | ০ | ০ | ০ | ৭ | ৭ | ফেনী ইজিনেট |
| | | দেওটি | ০ | ০ | ০ | ০ | ৫৫ | ৫৫ | আইসিসি কমিউনিকেশন |
| | | | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | প্লেক্সাস ক্লাউড |
| | | | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | র্যাংগস আইটি |
| | | বজরা | ০ | ৫ | ০ | ০ | ৮৪ | ৮৯ | সজিব ট্রেডিং |
| | | আম্বরনগর | ০ | ০ | ০ | ০ | ২ | ২ | প্লাস নেট |
| ৪ | কোম্পানীগঞ্জ | চরপার্বতী | ০ | ০ | ১ | ০ | ৪০ | ৪১ | সাজিদ ট্রেডিং |
| ৫ | চাটখিল | উপজেলা পপ | ০ | ০ | ৫ | ০ | ০ | ৫ | ফাস্ট এন্ড ফাস্ট আইটি |
| | | | ০ | ০ | ০ | ০ | ২ | ২ | ব্রাক নেট |
| | | | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | টেলনেট কমিউনিকেশন |
| | | | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | র্যাংগস আইটি |
| | | | ০ | ০ | ০ | ০ | ৬ | ৬ | আম্বার আইটি |
| ৬ | বেগমগঞ্জ | মিরওয়ারিশপুর | ০ | ০ | ০ | ০ | ৮৯ | ৮৯ | ফাস্ট এন্ড ফাস্ট আইটি |
| | | গোপালপুর | ০ | ০ | ০ | ০ | ৯০ | ৯০ | বিবিটিএস |
| | | ছয়ানী | ০ | ০ | ১ | ০ | ০ | ১ | কেএস নেটওয়ার্ক |
| | | | ০ | ০ | ০ | ০ | ২ | ২ | র্যাংগস আইটি |
| | | উপজেলা পপ | ০ | ০ | ০ | ২ | ০ | ২ | ইন্টার ক্লাউড আইটি |
| ৭ | সেনবাগ | উপজেলা পপ | ০ | ০ | ০ | ০ | ৩ | ৩ | বিবিটিএস |
| | | কাবিল পুর | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | আম্বার আইটি |
| | | ডুমুরুয়া | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | কেএস নেটওয়ার্ক |
| | | ছাতারপাইয়া | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | প্লেক্সাস ক্লাউড |
| | | | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | আম্বার আইটি |
| **সর্বমোট** | | | **১২** | **১১** | **১২** | **১৪** | **৮৪১** | **৮৯০** | |

সিদ্ধান্তঃ ইনফো সরকার (ফেইজ-৩) প্রকল্পের সংযোগ বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার (ফেইজ-৩) প্রকল্প।

পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ই-সেবা কার্যক্রম জোরদার করার এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ খোরশেদ আলম খান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.৭৫০০.০০০.০৬.০০৩.২০.৩ তারিখ: ২৮ পৌষ ১৪২৮
১২ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রনালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
২) মাননীয় সংসদ সদস্য, ২৭১-নোয়াখালী-৪ এবং উপদেষ্টা, জেলা আইসিটি বিষয়ক কমিটি, নোয়াখালী
৩) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৪) মহাপরিচালক (দায়িত্বে), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৫) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী
৬) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী
৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী
৮) উপ পরিচালক (চলতি দায়িত্ব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
৯) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
১০) অধ্যক্ষ,, নোয়াখালী সরকারী কলেজ,, নোয়াখালী
১১) অধ্যক্ষ,, নোয়াখালী সরকারি মহিলা কলেজ,, নোয়াখালী
১২) অধ্যক্ষ,, জেলা কারিগরি/ ভোকেশনাল ইনস্টিটিউট, ,নোয়াখালী
১৩) অধ্যক্ষ, ভুলুয়া ডিগ্রি কলেজ, নোয়াখালী
১৪) অধ্যক্ষ, সোনাপুর কলেজ, নোয়াখালী
১৫) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নোয়াখালী
১৬) উপপরিচালক , উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নোয়াখালী
১৭) প্রোগ্রামার, (বর্তমানে প্রধান কার্যালয়ে সংযুক্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী
১৮) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নোয়াখালী
১৯) সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, নোয়াখালী
২০) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী
২১) উপপরিচালক (ভারপ্রাপ্ত), উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, নোয়াখালী
২২) উপ-মহাব্যবস্থাপক (টেলিকম),, বিটিসিএল, নোয়াখালী
২৩) সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
২৪) নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
২৫) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
২৬) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, নোয়াখালী
২৭) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, নোয়াখালী
২৮) প্রধান শিক্ষক, নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী
২৯) জেলা প্রতিনিধি, ফাইবার এট হোম লিঃ, নোয়াখালী (ইনফো সরকার ফেজ-২/৩ প্রকল্প))
৩০) উদ্যোক্তা, নেয়াজপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার, নোয়াখালী সদর, নোয়াখালী
৩১) প্রোপাইটর, এপটেক আইটি, নোয়াখালী

মোহাম্মদ মিজানুর রহমান
প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)